# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date: 08-01-2026** **Time: 1-40 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ কয়লা পাচার মামলায় আই-প্যাক-এর কর্ণধার প্রতীক জৈন-এর লাউডন স্ট্রিটের বাড়ি ও অফিসে ইডির তল্লাশি অভিযানকে কেন্দ্র করে নজিরবিহীন ঘটনার সাক্ষী রাজ্য রাজনীতি। প্রতীক জৈনের বাড়ি ও অফিস থেকে বেশ কিছু নথীপত্র নিয়ে বেরিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে।

২/ মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে সরাসরি তদন্তে বাধা দেবার অভিযোগ তুলেছে বিজেপি।

৩/ বিজেপির সর্বভারতীয় সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা, আজ দুদিনের সফরে রাজ্যে এসে পৌঁছেছেন।

৫/ গঙ্গাসাগর মেলার আনুষ্ঠানিক উদ্বোধন হচ্ছে আজ।

৬/ রাজ্যজুড়ে কনকনে শীত অনুভূত হচ্ছে।

**********************************************************************

**কয়লা পাচার** মামলায় আই-প্যাক-এর কর্ণধার প্রতীক জৈন-এর লাউডন স্ট্রিটের বাড়ি ও অফিসে ইডির তল্লাশি অভিযানকে কেন্দ্র করে আজ নজিরবিহীন ঘটনার সাক্ষ্মী থাকলো রাজ্য। তল্লাশি চলাকালীন নথিপত্র তুলে নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং তাঁর সঙ্গে থাকা বেশ কয়েকজনের বিরুদ্ধে।

উল্লেখ্য, এর আগে ২০১৯ সালে মুখ্যমন্ত্রী সারদা মামলায় CBI-এর তদন্তের সময়, কলকাতার তৎকালীন পুলিশ কমিশনার রাজীব কুমারের বাড়িতে গিয়েও তদন্তে বাধা দিয়েছিলেন।

এদিন সকালে কয়লা পাচার মামলায় রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা-আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি এবং অফিসে ইডি আধিকারিকরা তল্লাশি চালাতে যান। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। বেলা গড়াতেই প্রতীক জৈনের বাড়িতে পৌঁছে যান **মুখ্যমন্ত্রী** তথা তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জী। সেখানে যান

কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মাও। খালি হাতে ভেতরে ঢুকলেও, প্রতীক জৈনের বাড়ি থেকে কিছু নথিপত্র,  ল্যাপটপ ও হার্ড ডিস্ক হাতে বেরিয়ে আসেন মুখ্যমন্ত্রী। সেগুলি দেখিয়ে উপস্থিত সাংবাদিকদের তিনি বলেন, প্রতীক জৈন দলের একজন কার্যকর্তা। তাঁর কাছ থেকে তদন্তের নামে দলের প্রার্থী তালিকা সহ গুরুত্বপূর্ণ নথিপত্র হাতিয়ে নেওয়ার চেষ্টা চলছিল বলে তিনি অভিযোগ করেন। মুখ্যমন্ত্রীর হাতে থাকা নথিগুলিতে ঠিক কোন্ ধরণের তথ্য ছিল, কিংবা তদন্ত চলাকালীন কিভাবে নথিপত্র সরিয়ে নিয়ে যাওয়া যায়, তা' নিয়ে রাজনৈতিক মহলে প্রশ্ন উঠেছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকেও নজিরবিহীন আক্রমণ করেন মমতা।

প্রতীক জৈনের বাড়ি থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী সোজা চলে যান **সল্টলেকে** আই-প্যাকের অফিসে। সেখানেও তল্লাশি চালাচ্ছেন ইডি আধিকারিকরা। ভবনটি ঘিরে রেখেছেন বিধাননগর পুলিশের আধিকারিকরা। মুখ্যমন্ত্রী সেখানেও পৌঁছে যান। আগে থেকেই  উপস্থিত ছিলেন মন্ত্রী সুজিত বসু সহ তৃণমূল কংগ্রেসের কর্মীরা। সেখান থেকেও বহু ফাইল নিয়ে একটি গাড়িতে তোলা হয় বলে অভিযোগ উঠেছে। সংবাদ মাধ্যমের ক্যামেরার সামনে গাড়ির নাম্বার প্লেট আড়াল করার ছবিও ধরা পড়েছে।

রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার আই-প্যাকের ১১ তোলার ওই অফিসে পৌঁছেছেন। পুরো এলাকা ঘিরে রেখেছে রাজ্য পুলিশ।

মুখ্যমন্ত্রী ইডির তদন্তে বাধা দিচ্ছেন বলে অভিযোগ তুলে, তাঁর বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন বিরোধী দলনেতা **শুভেন্দু অধিকারী**। তিনি বলেন, এর আগেও মমতা ব্যানার্জী তদন্ত প্রক্রিয়ায় বাধা দিয়েছেন।

*****************************************************************

আসন্ন বিধানসভা ভোটে রাজ্যে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে কোনও সমস্যা হবে না বলে নির্বাচন কমিশন আশ্বাস দিয়েছে। একসঙ্গে পাঁচ রাজ্যে বিধানসভা নির্বাচন থাকলেও প্রয়োজন অনুযায়ী কেন্দ্রীয় বাহিনী পাওয়া যাবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। পাশাপাশি ভোটের কাজে প্রায় ৩৫ হাজার রাজ্য পুলিশ মোতায়েন করা হবে বলেও কমিশনকে জানিয়েছে রাজ্য সরকার।

*****************************************************************

নির্বাচন কমিশন,  **আজ** দেশের সমস্ত রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে বৈঠকে বসেছে।  মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পৌরহিত্যে **সকাল ১০টা** থেকে ওই বৈঠক শুরু হয়েছে। তবে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ঐ বৈঠকে যোগ দিচ্ছেন না।

চলতি SIR প্রক্রিয়া, ভোট প্রস্তুতি এবং আইনশৃঙ্খলা সংক্রান্ত একাধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়েই এই বৈঠকে আলোচনা হতে পারে বলে মনে করা হচ্ছে।

*****************************************************************

রাজ্যের কোথাও ইচ্ছাকৃতভাবে বুথ লেভেল অফিসারদের মাধ্যমে শুনানির ভুল নোটিস পাঠানোর ঘটনা সামনে এলে কড়া পদক্ষেপ করা হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট ইঙ্গিত দিয়েছে। কমিশন সূত্রে জানানো হয়েছে, যদি প্রমাণ মেলে যে উদ্দেশ্যপ্রণোদিত ভাবে ভোটারদের বিভ্রান্ত করতে বা প্রক্রিয়াকে প্রভাবিত করার জন্য ভুল নোটিস পাঠানো হয়েছে, সে ক্ষেত্রে দোষীদের বিরুদ্ধে এফআইআর দায়ের পর্যন্ত করা হতে পারে।

নির্বাচন কমিশনের একাংশের বক্তব্য, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন একটি সংবেদনশীল ও আইনসিদ্ধ প্রক্রিয়া। সেখানে কোনও রকম অসৎ উদ্দেশ্য বা প্রশাসনিক গাফিলতি বরদাস্ত করা হবে না। তাই ভুল নোটিসের অভিযোগ এলে প্রতিটি ঘটনাই আলাদা করে খতিয়ে দেখা হবে এবং প্রয়োজনে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে।

*****************************************************************

দুদিনের রাজ্য সফরে পশ্চিমবঙ্গ এসেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী তথা বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা।

বিমানবন্দরে তাকে স্বাগত জানান, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ বিজেপির অন্যান্য নেতৃবৃন্দ। আজ রাজ্যের বিজেপি নেতৃত্বের সঙ্গে বৈঠক রয়েছে জে পি নাড্ডার। এছাড়াও চিকিৎসকদের সঙ্গে সাক্ষাৎ করবেন তিনি।

আগামীকাল সকালে নিউটাউনের চিত্তরঞ্জন ক্যান্সার ইনস্টিটিউট পরিদর্শনে যাবেন কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী। এরপর কল্যাণী এমস হাসপাতালে কয়েকটি নতুন বিভাগের উদ্বোধন করবেন।

*****************************************************************

বিকশিত ভারত গঠনে অন্যান্য ক্ষেত্রের মত ২০২৫ সালে প্রযুক্তিগত যাত্রায় এসেছে গুরুত্বপূর্ণ পরিবর্তন। এই বছরটি প্রযুক্তির সাথে ভারতের সম্পর্ককে দৃঢ় করেছে। একটি প্রতিবেদন –

*****************************************************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ২০২৫ -ক্রীড়া জগতের মাইলফলক। বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহার সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*****************************************************************

কেন্দ্রীয় সরকার, জনগণনার প্রথম পর্বের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই পর্যায়ে চলতি বছরের পয়লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বরের মধ্যে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে গৃহ সংখ্যা গণনার কাজ করা হবে। প্রতিটি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল ৩০ দিনের মধ্যে এই কাজ সম্পন্ন করবে। দেশে এই প্রথমবার জনগণনার কাজ হবে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে। অ্যান্ড্রয়েড এবং আইওএস মোবাইল অ্যাপ্লিকেশন ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হবে। জনগণনার কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ এবং তত্ত্বাবধানের জন্য প্রায় ৩০ লক্ষ কর্মী নিয়োগ করা হবে।

২০২৭ সালের ফেব্রুয়ারিতে দ্বিতীয় পর্যায়ের জনগণনা অনুষ্ঠিত হবে।

কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখ এবং জম্মু ও কাশ্মীর এবং হিমাচল প্রদেশ ও উত্তরাখণ্ড রাজ্যের পাহাড়ি এলাকাগুলির জন্য, দ্বিতীয় পর্জায়ের জন গণনা চলতি বছরের সেপ্টেম্বরে পরিচালিত হবে। উল্লেখ্য, গত ১২-ই ডিসেম্বরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে 'জনগণনা ২০২৭' প্রকল্পের অনুমোদন দেওয়া হয়।

এর জন্য ব্যয় করা হবে ১১ হাজার ৭১৮ কোটি ২৪ লক্ষ টাকা। প্রসঙ্গত, গত বছরের ৩০শে এপ্রিল আসন্ন জনগণনায় জাতি গণনাকেও অন্তর্ভুক্ত করার ঘোষণা করা হয়েছিল।

*****************************************************************

কলকাতার আউটরাম ঘাটে আজ বিকেলে সাগর মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সুষ্ঠুভাবে মেলা সম্পাদন করতে প্রস্তুত জেলা প্রশাসন। মুড়িগঙ্গা চ্যানেলে পারাপারের সময় ঘন কুয়াশায় দৃশ্যমানতা ঠিক রাখতে প্রতিটি মিনারে বিশেষ ফগ লাইটের ব্যবস্থা করা হয়েছে। এ মাসের ৯ থেকে ১৭ তারিখ পর্যন্ত মেলার সঙ্গে সংশ্লিষ্ট সকলের এবং আগত পূণ্যার্থীদের জন্য রাজ্য সরকার পাঁচ লক্ষ টাকার বীমার ব্যবস্থা করেছে।

লট এইট, কচুবেড়িয়া, নামখানা, চিমাগুড়ি ও মেলা প্রাঙ্গণ মিলিয়ে মোট পাঁচটি অস্থায়ী হাসপাতাল তৈরি করা হয়েছে ১২৫ শয্যা বিশিষ্ট,এছাড়াও অসুস্থতা জনিত যেকোনো কঠিন পরিস্থিতির মোকাবিলা করতে একটি এয়ার অ্যাম্বুলেন্স তিনটি ওয়াটার অ্যাম্বুলেন্স সহ ১০০ টি অতিরিক্ত অ্যাম্বুলেন্স প্রস্তুত রাখা হয়েছে।

*************************************************************

রাজ্য পুলিশের সঙ্গে কোনো মামলায় যৌথভাবে তদন্ত করা সম্ভব নয় বলে CBI, কলকাতা হাইকোর্টে জানিয়েছে। বিধানসভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে থাকা রাজ্য পুলিশের FIR খারিজ মামলায় ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল এবং বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চে একথা জানিয়েছে CBI । তাদের আইনজীবি আদালতে জানান যে, যৌথ তদন্তের ক্ষেত্রে অতীতে তাঁদের তিক্ত অভিজ্ঞতা রয়েছে। CBI একটি স্বাধীন তদন্তকারী সংস্থা। তাই তাদের এককভাবে তদন্তের ভার দেওয়া হোক।

উল্লেখ্য, শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে রাজ্য পুলিশের দায়ের চারটি FIR-এর ক্ষেত্রে বিচারপতি জয় সেনগুপ্ত যৌথ সিট গঠন করে তদন্তের নির্দেশ দিয়েছিলেন। ওই দলে রাজ্য পুলিশ এবং CBI-এর প্রতিনিধিকে রাখতে বলার নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাটি।

*************************************************************

নিউটাউনের থাকদাড়িতে আজ ভোর সাড়ে ৬'টা নাগাদ একটি বহুতলে বিধ্বংসী আগুন লাগে। দমকলের আটটি ইঞ্জিন সেখানে রয়েছে। কালো ধোঁয়ায় ভরে যায় পুরো এলাকা। সকাল ৯'টা ২৫ মিনিট নাগাদ আগুন নিয়ন্ত্রণে আসে।

জানা গেছে, ভবনটির দোতলায় একটি কেকের কারখানা রয়েছে। সেখান থেকেই আগুন লাগে বলে প্রাথমিক অনুমান।

ওই কারখানার এক কর্মীকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছেন দমকল কর্মীরা। তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

*************************************************************

দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সর্বনিম্ন তাপমাত্রা প্রায় হিমাঙ্কের কাছে। সেখানে আজ নূন্যতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে এক ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম। দার্জিলিং জেলার নিচু জায়গার সর্বনিম্ন তাপমাত্রা আজ রেকর্ড করা হয় দুই দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, উত্তরবঙ্গের সমতলে দক্ষিণ দিনাজপুরের মাঝিয়ানে আজ সবথেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৭.৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা চার ডিগ্রি কম।

আগামী ৭ দিন সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা কিছুটা বাড়লেও রাজ্য জুড়ে ঠান্ডা আবহাওয়া থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

*****************************************************************

রাজ্যে শীতের প্রকোপ অব্যাহত। কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা গতকালের থেকে বাড়লো তার স্বাভাবিকের থেকে কমই রয়েছে। সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রি কম। আজ রাজ্যে শীতল আবহাওয়া পরিস্থিতি থাকার সম্ভাবনা রয়েছে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা নদিয়া মুর্শিদাবাদ এবং হুগলি জেলায়। সর্বনিম্ন ও সর্বোচ্চ তাপমাত্রা এক দুই ডিগ্রী বাড়লেও তা স্বাভাবিকের থেকে কম থাকবে এবং আগামী সাতদিন রাজ্যে শীতল আবহাওয়ায় পরিস্থিতি বজায় থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

*****************************************************************